

ইনোভেশন কমিটির মাসিক সভার কার্যবিবরণী


সভার তারিখ : ২৭/০৮/২০১৯ খ্রি:
সময় : সকাল ১১.০০ ঘটিকা
স্থান : সভাপতি/ ইনোভেশন অফিসার এর অফিস কক্ষ
সভাপতি : ড. মোঃ ছাইদুর রহমান, উপ-পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস)
ও ইনোভেশন অফিসার, নাটা, গাজীপুর।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতে সভাপতি ড. মোঃ ছাইদুর রহমান, উপ-পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস), নাটা উপস্থিত ইনোভেশন টিমের সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	উদ্ভাবন কর্মশালাঃ ড. মোঃ ছাইদুর রহমান, ডিডি (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস) ও ইনোভেশন অফিসার, নাটা, সভায় উদ্ভাবন কর্মশালা আয়োজনের বিষয়টি উত্থাপন করেন এবং কোন মাসে, কিভাবে অনুষ্ঠিত হবে এ বিষয়ে আলোচনা হয়। আলোচনা শেষে উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ দিন ব্যাপি কর্মশালা ও ৫ দিনের প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা প্রণয়ন করা হয়।	ক) কর্মশালাটি ডিসেম্বর-২০১৯ এ অনুষ্ঠিত হবে। খ) প্রশিক্ষণ জুন-২০২০ এর মধ্যে অনুষ্ঠিত হবে।	মো. হাফিজ হাসান, এসএডি ও, সদস্য ইনোভেশন কমিটি, নাটা।
২	অনলাইন রেজিস্ট্রেশনঃ ইনোভেশন কমিটির সভায় মো. সাইফুল ইসলাম অনলাইন রেজিস্ট্রেশনের বিষয়টি উত্থাপন করেন এবং এ ব্যাপারে প্রশিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য ম্যানুয়াল রেজিস্ট্রেশন ফর্ম প্রদান না করার ব্যাপারে সংশ্লিষ্ট সিসি কে অবহিত করার ব্যাপারে সবাই একমত পোষণ করেন।	ক) রেজিস্ট্রেশনের জন্য কোন ধরনের হার্ডকপি সরবরাহ না দেয়া। খ) মহাপরিচালক কর্তৃক কোর্স কোঅর্ডিনেটরদের চিঠি প্রদান। গ) ১০০% অনলাইন রেজিস্ট্রেশন নিশ্চিত করা।	ক) সকল কোর্স কোঅর্ডিনেটর, নাটা গাজীপুর খ) মহাপরিচালক, নাটা গাজীপুর
৩	SIP: Small Improvement Project (SIP) এর আওতায় প্রশিক্ষার্থীদের পানি পানের সুবিধার জন্য ওয়াটার পিউরিফায়ার ক্রয়ের বিষয়টি উত্থাপন করেন ইনোভেশন কমিটির সদস্য মো. হাফিজ হাসান। বিস্তারিত আলোচনা শেষে এ ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) গরম ও ঠান্ডা পানির সুবিধাসহ ১ টি ওয়াটার পিউরিফায়ার ক্রয়। খ) ক্যাফেটেরিয়াতে স্থাপন।	সভাপতি, ইনোভেশন কমিটি, নাটা।
৪	টিএনএ ফর্ম তৈরিঃ প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষার্থীদের জন্য NATA TNA form (Training Need Assessment Form) এর একটি নমুনা তৈরির বিষয়ে মো. সাইফুল ইসলাম সভায় উপস্থাপন করেন। সভাপতি মহোদয় জানান যে, সংগৃহীত তথ্য পরবর্তীতে Validation Workshop এ কাজ করার ক্ষেত্র তৈরি করবে।	ক) TNA form নমুনা তৈরি। খ) প্রশিক্ষার্থীদের নিকট থেকে তথ্য গ্রহণ।	মো. হাফিজ হাসান, এসএডি ও, সদস্য ইনোভেশন কমিটি, নাটা।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি


ড. মোঃ ছাইদুর রহমান
উপ-পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস)
ও
ইনোভেশন অফিসার, নাটা, গাজীপুর।